যুগান্তর

১১/১১/২০০৩

তারিখ ... পৃষ্ঠা ২০ কলাম ...

# চবি'র অচলাবস্থা নিরসনে কমিটি : পরীক্ষা স্থগিত

চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় প্রতিনিধি

চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের অচলাবস্থা নিরসনের লক্ষ্যে সিন্ডিকেট সাত সদস্যবিশিষ্ট একটি কমিটি গঠন করেছে। উপাচার্যকে প্রধান এবং প্রক্টরকে সদস্য সচিব করে গঠিত এ কমিটি বিবদমান সংগঠনগুলোর সঙ্গে আলোচনা করবে। সিন্ডিকেট আগামী ১৫ নভেম্বর পর্যন্ত বিশ্ববিদ্যালয়ের সকল প্রকার পরীক্ষাও স্থগিত করেছে।

কমিটি গতকাল শনিবার অবরোধ পালনকারী ছাত্রলীগকে সংকটের বিষয়ে আলোচনার প্রস্তাব দিয়েছে। তবে ছাত্রলীগ সে প্রস্তাব প্রত্যাখ্যান করে বলেছে, এ মুহূর্তে কোন আলোচনা নয়। আগে পরিবেশ সৃষ্টি করতে হবে। কী ধরনের পরিবেশ, জানতে চাইলে চবি ছাত্রলীগের সভাপতি জিল্লুর রহমান জুয়েল ও সাধারণ সম্পাদক নাছির হায়দার বাবুল যুগান্তরকে বলেন, বিশ্ববিদ্যালয় প্রশাসনের ওপর ছাত্ররা আস্থা হারিয়ে ফেলেছে। প্রশাসনকে সে আস্থা ফিরিয়ে আনতে হবে। ৩ নভেম্বর ছাত্রলীগের ওপর হামলাকারীদের গ্রেফতার এবং ছাত্রলীগের নেতাকর্মীদের বিরুদ্ধে দায়েরকৃত মামলা প্রত্যাহার করতে হবে।

অন্যদিকে চবি ছাত্রশিবিরের সাধারণ সম্পাদক দিদারুল আলম মজুমদার বলেন, ৩ নভেম্বর এমন কোন ঘটনা ঘটেনি যার জন্য বিশ্ববিদ্যালয়ে লাগাতার অবরোধ দিতে হবে। বিশ্ববিদ্যালয় প্রশাসনের ইতিপূর্বের পরীক্ষা গ্রহণের সিদ্ধান্তে চবি শিক্ষক সমিতি নিন্দা ও ক্ষোভ জানিয়ে বলেছে, আগে শিক্ষার্থীদের নিরাপত্তার বিষয়টি নিশ্চিত এবং বিশ্ববিদ্যালয় সচল করা জরুরি।

চবি সিন্ডিকেটের শুক্রবার রাত ১০টায় গঠিত কমিটির অন্য সদস্যরা হলেন : উপ-উপাচার্য প্রফেসর আনোয়ারুল আজিম আরিফ, মৃত্তিকা বিজ্ঞান বিভাগের সভাপতি প্রফেসর ড. খান তৌহিদ ওসমান, রাজনীতি বিজ্ঞান বিভাগের প্রফেসর ড. মোহাম্মদ হাসান, সিন্ডিকেট সদস্য আবদুল্লাহ মামুন ও বশির আহমদ।

প্রশাসনের নতুন করে প্রচেষ্টা সত্ত্বেও রমজানের আগে চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় সচল হওয়ার কোন সম্ভাবনা দেখা যাচ্ছে না। এ অবস্থায় অনেক সাধারণ ছাত্রছাত্রী আতংক ও শংকায় ক্যাম্পাস ত্যাগ করছে। ছাত্রলীগ অবরোধ আরও কঠোর করেছে।